# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০১২.২৫-৭৮১

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২২ জুলাই ২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১. ২৭৬৪.২০২৫-১৪২ সংখ্যক পত্রের সুপারিশক্রমে নিম্নোক্ত ০৪ (চার) জন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ অনুযায়ী ২২০০০-৫৩০৬০/- টাকার বেতন স্কেলে নির্বাচন কমিশন সচিবালয়ে 'সহকারী প্রোগ্রামার' পদে নিম্নেবর্ণিত শর্তে নিয়োগ করা হলঃ

| ক্রমিক নম্বর | পিএসসি কর্তৃক প্রেরিত মেধাক্রম | রেজিস্ট্রেশন নম্বর | নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ১ | ০০৩০১৯ | মোছাঃ রোকেয়া খাতুন | মোঃ আবুল খায়ের | গ্রাম: শিবগঞ্জ, ডাকঘর: দরিয়াপুর, উপজেলা: মহাদেবপুর, জেলা: নওগাঁ | নওগাঁ |
| ২ | ৩ | ০০০৪২৩ | মোঃ সোলায়মান | মোশারেফ হোসেন | গ্রাম: পশ্চিম সেনের টিকিকাটা, ডাকঘর: টিকিকাটা মাদ্রাসা, উপজেলা: মঠবাড়িয়া, জেলা: পিরোজপুর | পিরোজপুর |
| ৩ | ৪ | ০০৪৮১১ | শাহরিয়ার খান | মোঃ ফেরদৌস আলম খান | গ্রাম: দেওলা, ডাকঘর: বি এ ইউ মাদ্রাসা, উপজেলা: টাঙ্গাইল সদর, জেলা: টাঙ্গাইল | টাঙ্গাইল |
| ৪ | ৫ | ০০১৭০৪ | এস এম সাদমান সাকিব | মোঃ খাইরুল বাশার | গ্রাম: রায়ের গ্রাম, ডাকঘর: সাউথকান্দা, উপজেলা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ | ময়মনসিংহ |

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাঁকে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজন বোধে কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের মেয়াদ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাঁকে প্রযোজ্য যে কোন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) 'সহকারী প্রোগ্রামার' পদে যোগদানের তারিখ হতে তাঁকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপনান্তে এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হওয়ার শর্তে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপ-অনুচ্ছেদ ক-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি আপনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(চ) যদি তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা এবং দৈনিক ভাতা পাবেন না।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

২। যদি উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয়, তবে ২১ ডিসেম্বর ২০২৫/০৬ পৌষ ১৪৩২ তারিখে 'সহকারী প্রোগ্রামার' হিসাবে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হল। উক্ত তারিখে যোগদান না করলে চাকরিতে যোগদান করতে তিনি সম্মত না মর্মে ধরে নেওয়া হবে এবং এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০/১২/২৫

আখতার আহমেদ
সিনিয়র সচিব
ফোনঃ ৫৫০০৭৬০০
ই-মেইল: secretary@ecs.gov.bd

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০১২.২৫-৭৮১

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা
৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [সূত্রঃ ২২ জুলাই ২০২৫ তারিখের ৮০.০০.০০০০. ৩০১(গোপনীয়).১১.২৭৬৪.২০২৫-১৪২ সংখ্যক পত্রের সুপারিশ অনুযায়ী]
৫। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
৯। সিস্টেম ম্যানেজার (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
১১। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২। সিনিয়র/জেলা নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা (সকল)
১৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, হিসাব ভবন (১ম গেট, ২য় তলা), সেগুনবাগিচা, ঢাকা
১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬-১৯। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১। উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ............................................ (সকল)
২৩। জনাব.............................................................................................

১০-১২-২০২৫

মোহাম্মদ শহীদুর রহমান
সহকারী সচিব (জ.ব্য.-১)